### বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের অধ্যাদেশ দাবি

# ফের আন্দোলনে নামছেন সাত কলেজের শিক্ষার্থীরা

**নিজস্ব প্রতিবেদক** ●

রাজধানীর সরকারি সাত কলেজের শিক্ষার্থীরা 'ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি আইন-২০২৫' দ্রুত বাস্তবায়নের দাবি জানিয়েছেন। এ দাবিতে আগামীকাল সোমবার সকাল সাড়ে ১০টায় রাজধানীর আব্দুল গণি রোড ও কলেজ রোডসংলগ্ন শিক্ষা ভবন অভিমুখে শান্তিপূর্ণ পদযাত্রার কর্মসূচি ঘোষণা করেছেন তারা। গতকাল শনিবার গণমাধ্যমে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, আমরা আর কোনো কালক্ষেপণ চাই না। বিশ্ববিদ্যালয় যে মডেলেই হোক, অংশীজনদের মতামতের আলোকে দ্রুত খসড়া হালনাগাদ করে অধ্যাদেশ দিতে হবে।

শিক্ষার্থীদের অভিযোগ, শিক্ষা মন্ত্রণালয় প্রস্তাবিত 'ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি আইন-২০২৫'-এর খসড়া নিয়ে এরই মধ্যে বিভিন্ন পক্ষের মতামত নিয়েছে। একই সঙ্গে মন্ত্রণালয় অংশীজনদের মতামতের ভিত্তিতে দ্রুত সমাধানের আশ্বাস দিয়েছে। তবে সাত কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের বিষয়টি নিয়ে কর্তৃপক্ষের পক্ষ থেকে দীর্ঘদিন ধরেই কালক্ষেপণ করা হচ্ছে। সাত কলেজ বিশ্ববিদ্যালয় রূপান্তর আন্দোলনের দায়িত্বশীল ব্যক্তি মো. নাঈম হাওলাদার বলেন, অধ্যাদেশ জারির চূড়ান্ত দিনক্ষণ না জানানো হলে শিক্ষার্থীরা অধ্যাদেশ আদায় করেই পড়ার টেবিলে ফিরবে। সে জন্য আমরা ১৩ অক্টোবর শান্তিপূর্ণ কর্মসূচি ঘোষণা করেছি।

চলতি বছরের ২৬ মার্চ রাজধানীর সাত সরকারি কলেজকে পৃথক করে নতুন একটি বিশ্ববিদ্যালয় গঠনের ঘোষণা দেয় সরকার। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন প্রস্তাবিত নাম নির্ধারণ করে 'ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি'। কলেজগুলো হলো- ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, শহীদ সোহরাওয়ার্দী কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, মিরপুর বাঙলা কলেজ এবং সরকারি তিতুমীর কলেজ।